# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬২৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এক দফা সিয়াম রাখা আরেক দফা সিয়াম না রাখা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يَصُومَ مَرَّةً وَيُفْطِرَ مرة

আরবী

3629 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ حَدَّثَنَا ابْنُ كَاسِبٍ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي لَبِيدٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: أَتَيْتُ عَائِشَةَ أَسْأَلُهَا عَنْ صِيَامِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَتْ: كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَصُومُ حَتَّى نَقُولَ: قَدْ صَامَ ثُمَّ يُفْطِرُ حَتَّى نَقُولَ: قَدْ أَفْطَرَ وَمَا رَأَيْتُهُ بَعْدَ شَهْرِ رَمَضَانَ أَكْثَرَ صِيَامًا مِنْهُ فِي شعبان كان يصومه كله إلا قليلاً.

الراوي : أَبُو سَلَمَةَ بْن عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3629 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2103): ق.

বাংলা

৩৬২৯. আবূ সালামাহ বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সিয়াম সম্পর্কে জিজ্ঞেস করার জন্য আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে যাই। তিনি এই ব্যাপারে বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (কোন মাসে) এতো সিয়াম রাখতে থাকতেন যে, আমরা মনে করতাম, তিনি সিয়াম রাখতেই থাকবেন। তারপর তিনি এতো সিয়াম ছাড়তেন যে, আমরা মনে করতাম, তিনি সিয়াম ছাড়তেই থাকবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০৩; সহীহ মুসলিম: ১১৫৬; নাসাঈ: ৪/১৫১; ইবনু মাজাহ: ১৭১০; সহীহুল বুখারী: ১৯৭০; বাগাবী: ১৭৭৭; সুনান বাইহাকী: ৪/২৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২১০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন